গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

# পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মোহাম্মদ রফিকুল ইসলাম, মহাপরিচালক।

পরিদর্শনের তারিখ : ১৮/০৩/২০১৮ খ্রি:।

**১। প্রকল্পের নাম** : "সিলেট শহরে সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।

**২। উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

**৩। বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

**৪। প্রকল্প এলাকা** : সিলেট।

**৫। পরিদর্শিত উপজেলা, জেলা** : সিলেট।

**৬। প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত :**

পরিদর্শিত এ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৪৩১৯.৩৩ লক্ষ টাকা, যার মধ্যে সম্পূর্ণটাই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়ন। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়নকাল ০১/০৫/২০১১ থেকে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত। মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২০/০৬/২০১১ তারিখ প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

৭। **প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন :**

২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে এ প্রকল্পে অর্থ বরাদ্দের পরিমাণ ১৯৮৫.০০ লক্ষ টাকা। চলতি অর্থবছরে মার্চ, ২০১৮ পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ ৪০৯.২১ লক্ষ টাকা। বার্ষিক ভৌত লক্ষ্যমাত্রা ৭২%। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পে অর্থ ব্যয়ের পরিমাণ ২৪৩৪.৩১ লক্ষ টাকা।

**৮। প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য নিম্নরূপ :**

(ক) To minimize the acute housing problem with maximum accommodation on a small land in a planned way.

(খ) To provide urban facilities and develop planned growth and human settlement with all necessary facilities; and

(গ) To create a field of opportunity for interested Govt./Semi Govt. Officers to purchase residential flats permanently for their own with a reasonable price.

৯.০। (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা :

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য (অনু: ১৬.২ ও ৩ দ্রষ্টব্য) :

| প্যাকেজ (১,২,৩...) | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |

১০.০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্পের শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) :** এ প্রকল্পে জনাব গিয়াস উদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী, প্রকল্প পরিচালক হিসেবে গত ০৫/০৩/২০১৭ তারিখ থেকে অদ্যাবধি দায়িত্ব পালন করে আসছেন। ইতোপূর্বে নিম্নোক্ত ৬জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন:

| নাম | দায়িত্ব পালনের সময়সীমা |
|---|---|
| ১। জনাব ওম প্রকাশ নন্দী | ১১/০৪/২০১০ থেকে ০৭/০৯/২০১১ |
| ২। জনাব মো: শামসুল আলম | ৩০/১১/২০১১ থেকে ২০/০৪/২০১৫ |
| ৩। জনাব এ.কিউ.এম. শাহজালাল মজুমদার | ২০/০৪/২০১৫ থেকে ০৯/০৬/২০১৫ |
| ৪। জনাব মইনুল হক | ০৯/০৬/২০১৫ থেকে ১৬/০৮/২০১৫ |
| ৫। জনাব কাজী ফজলুল করিম | ১৬/০৮/২০১৫ থেকে ০৮/০৮/২০১৬ |
| ৬। জনাব মুনিপ আহমেদ | ১৯/০৯/২০১৬ থেকে ০৫/০৩/২০১৭ |

১১.০। **ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):** প্রযোজ্য নয় (এনএইচ এর নিজস্ব জমিতে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে)।

১২.০। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য :** এ মুহূর্তে প্রযোজ্য নয়।

১৩.০। **স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত :** শুরু থেকে প্রকল্পে এ পর্যন্ত ১টি পিআইসি ও ৩টি স্টিয়ারিং কমিটির সভা হয়েছে। উল্লেখ্য ডিপিপিতে প্রতি ৩ মাসে ১টি পিআইসি এবং প্রতি ৬ মাসে ১টি পিএসসি সভা করার সিদ্ধান্ত ছিল।

১৪.০। **Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে) :** প্রযোজ্য নয়

১৫.০। **পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ :** আইএমইডি কর্তৃক পূর্বে প্রকল্পটি পরিদর্শন করা হয়নি।

১৬.০। **সার্বিক প্রকল্প পরিদর্শন পর্যবেক্ষণ :**

১৬.১ সিলেট শাহজালাল হাউজিং এস্টেটের 'বি' ব্লকে সীমিত আয়ের লোকদের জন্য ৮৮টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পটি গত ১৮/০৩/২০১৮ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শন সময়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ঠিকাদারের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিতি ছিলেন। প্রকল্পের আওতায় ৩ (তিন) টি ভবনে মোট ৮৮ (আটাশি) টি ফ্ল্যাট নির্মাণ করা হচ্ছে। প্রতিটি ভবন ৯ (নয়) তলা বিশিষ্ট, আয়তন ১৫০০ বর্গফুট।

১৬.২ ৩ (তিন) টি ভবনের ঠিকাদারকে NOA প্রদানের তারিখ ১৫/১১/২০১১ এবং ঠিকাদারী প্রতিষ্ঠানকে সাইট বুঝিয়ে দেয়ার তারিখ ৩০/০৭/২০১২ খ্রি:। প্রকল্প এলাকায় বসবাসকারী ৪০ জন মামলা করায় ঠিকাদারকে সাইট বুঝিয়ে দিতে প্রায় ৯ (নয়) মাস বিলম্ব হয়। টেস্ট পাইল, সার্ভিস পাইল ও ভবনসমূহের ফাউন্ডেশন

ডিজাইনের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পরামর্শক্রমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর রিসার্চ টেস্টিং এন্ড কনসালটেন্সি (CRTC)' বিভাগকে কনসালটেন্ট নিয়োগ করা হয়। ১৪/০২/২০১৩ তারিখে উক্ত প্রতিষ্ঠান হতে সার্ভিস পাইল ও ফাউন্ডেশনের ডিজাইনের নকশা পাওয়ার পর যথারীতি প্রকল্পের কাজ চলমান থাকে। উল্লেখ্য সিলেট অতি বৃষ্টিপ্রবন এলাকা হওয়ায় প্রকল্পের কাজে বিঘ্ন সৃষ্টি হয় এবং কাজে বিলম্ব হয়। তাছাড়া সে সময় দেশের রাজনৈতিক পরিস্থিতি তথা হরতাল অবরোধের কারণে মালামাল পরিবহনে বাঁধা সৃষ্টি হওয়ায় কাজে বিলম্ব হয়েছে।

১৬.৩ প্রকল্পের ডিপিপি অনুমোদনের তারিখ ২০/০৬/২০১১ এবং বাস্তবায়নকাল ছিল মে, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত। কিন্তু উদ্ভূত বিভিন্ন সমস্যা, প্রতিকূল পরিস্থিতির কারণে প্রকল্পের মেয়াদ এ পর্যন্ত প্রায় ৫ (পাঁচ) বার বৃদ্ধি করা হয়েছে। উল্লেখ্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সমন্বয় ও উন্নয়ন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের গত ১৯/১২/২০১৭ তারিখের পত্র মাধ্যমে ভবন নং ১ ও ২ এর কাজের সময়সীমা ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত এবং ভবন নং ৩ এর কাজের সময়সীমা ৩১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত চূড়ান্তবারের মত সময় বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের ১ম সংশোধন অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুন, ২০১৮ সালে সমাপ্ত হবে। প্রসঙ্গত প্রকল্পের কাজের বিপরীতে ভবন নং-১, ২ ও ৩ এর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা মাত্র জরিমানা আরোপ সাপেক্ষে কাজের সময়সীমা ৩০/০৬/২০১৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। পরবর্তীতে নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন এর সুপারিশের প্রেক্ষিতে ভবন নং-১ ও ২ এর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে আরো ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ সাপেক্ষে আগামী ৩০/০৬/২০১৮ তারিখ এবং ভবন নং-৩ এর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে আরো ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ সাপেক্ষে ৩১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত চূড়ান্তবারের মত সময় বৃদ্ধির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলেও পরিদর্শন সময়ে ৩নং ভবনের সকল অঙ্গের কাজ সমাপ্ত হয়নি।

১৬.৪ পরিদর্শন সময়ে ১নং ভবনের লিফট বসানোর কাজ চলমান দেখা যায়। ২নং ভবনেও লিফট বসানোর কাজ সবেমাত্র শুরু হয়েছে। ৩নং ভবনের লিফট বসানোর কাজ শেষ পর্যায়ে। ৩নং ভবনের জেনারেটর বসানো হলেও বৈদ্যুতিক সংযোগ দেয়া হয়নি। ৩টি ইলেকট্রিক সাব-স্টেশনের মালামাল সংগ্রহ করা হলেও কিছু সিভিল কাজ বাকী থাকায় সাব-স্টেশনের কাজ শুরু করতে সমস্যা হচ্ছে। ৩নং ভবনে বিভিন্ন বৈদ্যুতিক ফিটিংসের কাজ বাকী রয়েছে।

১৬.৫ প্রকল্পটির ১ম সংশোধনসহ মেয়াদ এ পর্যন্ত ৪/৫ বার বৃদ্ধি সত্ত্বেও এখনো সোলার প্যানেল, ফায়ার প্রটেকশন, অভ্যন্তরীণ ইলেকট্রিফিকেশন (৩নং ভবন), বহি:স্থ দেয়ালের বিভিন্ন কাজ বাকী আছে। ডিপিপিতে এক্সটারনাল গ্যাস লাইন স্থাপনের সংস্থান থাকলেও গ্যাস সংযোগ দেয়া হবে না। বরাদ্দ প্রাপ্তদেরকে সিলিন্ডারের গ্যাস ব্যবহার করতে হবে।

**১৭.০। প্রকল্পের সুবিধাভোগীদের মতামত :**

১৭.১ এ প্রকল্পের বরাদ্দ প্রাপ্ত ২/৩ জনের সাথে প্রকল্প দপ্তর, সিলেট থেকে টেলিফোনে আলাপ করলে তারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়নাধীন এ প্রকল্প সম্পর্কে ক্ষুদ্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। বরাদ্দ প্রাপ্তদের অনেকেই ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% পরিশোধ সত্ত্বেও নির্দিষ্ট সময়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট বরাদ্দ প্রাপ্তদেরকে ফ্ল্যাট বুঝিয়ে না দেয়ায় তারা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাঁরা অতি দ্রুত জুন, ২০১৮ এর মধ্যে অথবা সম্ভব হলে পূর্বেই ফ্ল্যাটের সকল কাজ সমাপ্তপূর্বক ফ্ল্যাটের দখল হস্তান্তরের দাবী জানান। তাঁদের দাবীর বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে বলে আশ্বাস দেই।

১৭.২ প্রবাসী অধ্যুষিত সিলেট শহরে ফ্ল্যাটের চাহিদা থাকায় আগামীতে নতুন ফ্ল্যাট প্রকল্পের প্রয়োজন রয়েছে বলে প্রতীয়মান।

**১৮.০। সার্বিক মতামত/সুপারিশ :**

১৮.১ পরিদর্শিত প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন কারণে অত্যধিক বিলম্ব হয়েছে, বার বার সংশোধন ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন ও মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। অতি দ্রুত প্রকল্পটি সমাপ্তির বিষয়ে সংস্থা প্রধান ও প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো। ভবিষ্যতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাদ্দ পত্রে বর্ণিত শর্তানুযায়ী যথা সময়ে ফ্ল্যাট হস্তান্তরে ব্যর্থ হলে বরাদ্দ প্রাপ্তদেরকে নগদ আর্থিক সুবিধা প্রদানের বিধান রাখা আবশ্যক;

১৮.২ প্রকল্পে ফ্ল্যাটের জন্য এক্সটারনাল গ্যাস লাইন স্থাপনের সংস্থান থাকলেও গ্যাস সংযোগ দেয়া হবে না। বরাদ্দ প্রাপ্তদেরকে সিলিন্ডারের গ্যাস ব্যবহার করতে হবে। বর্তমানে যেহেতু সরকারিভাবে সীমিত আকারে আংশিক গ্যাস সংযোগ দেয়া হবে সেহেতু এ প্রকল্পের সকল ফ্ল্যাটে গ্যাস সংযোগের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষের উদ্যোগ গ্রহণ করতে হবে। ফ্ল্যাটে গ্যাস সংযোগের বিষয়ে প্রয়োজনে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগকে পত্র মারফত অনুরোধ করা যেতে পারে;

১৮.৩ প্রকল্প পর্যালোচনায় দেখা যায় এ প্রকল্পের বিভিন্ন আইটেমের ভেরিয়েশন প্রস্তাব ও তার অনুমোদন সংস্থা এবং মন্ত্রণালয় পর্যায়ে নিষ্পন্ন হয়েছে। ভেরিয়েশন প্রস্তাব পিআইসি ও স্টিয়ারিং কমিটিকে পাশ কাটিয়ে অনুমোদন যথাযথ হয়নি, ভবিষ্যতে এ ধরণের ব্যত্যয় না করার পরামর্শ দেয়া হলো;

১৮.৪ এ প্রকল্পে মোট ৭ (সাত) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন প্রকল্পের অগ্রগতিকে ব্যাহত করেছে। ঘন ঘন প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের বিষয়টি কোনভাবেই কাম্য নয়। প্রশাসনিক মন্ত্রণালয় এ ব্যাপারে আগামীতে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে;

১৮.৫ পরিপত্র অনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত (প্রতি ৩ মাসে ১টি করে) আয়োজন করতে সংস্থা প্রধানের পদক্ষেপ গ্রহণ বাঞ্চনীয়;

১৮.৬ সিলেটের প্রবাসী ও বিভিন্ন জনগোষ্ঠীর চাহিদা বিবেচনাপূর্বক সিলেট শহরের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নতুন প্রকল্প গ্রহণ করতে পারে; এবং

১৮.৭ প্রকল্প শেষ হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে আইএমইডিতে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণ করতে হবে।

১৯.০। উপরোক্ত মতামত/সুপারিশ (অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.৭) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

১৭/০৫/১৮

**কর্মকর্তার স্বাক্ষর ও সীল**

মোহাম্মদ রফিকুল ইসলাম
মহাপরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার